ঢাকা ওয়াসা

অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

শাখাঃ সায়েদাবাদ পানি শোধনাগার (অপারেশন)

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪৩০.০৭.১৩৯.২১

বিষয়: **Suply of Automation spare parts and related services for SCADA & PLC based control system of Chlorination & Chemical Dosing system for SWTP Phase-1.**

অনুচ্ছেদ: ১.০

সংযুক্ত ক্র: নং ০১ হতে ০৮ দয়া করে দেখা যেতে পারে। সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এর ক্লোরিন ডোজিং সিস্টেমে ২ সেট প্রি ও ২ সেট পোস্ট ক্লোরিনেশন ডোজিং ইউনিট, ২টি ব্যাটারী (প্রতিটি ব্যাটারীতে ৯ টি করে ক্লোরিন সিলিন্ডার), ১৮ টি নিউমেটিক একচুয়েটর, ১টি চেঞ্জওভার ডিভাইস, নিউট্রালাজেশন টাওয়ারে পাম্প মোটর, গ্যাস ডিটেকশন ডিভাইস, ৪ সেট মোটিভ ওয়াটার পাম্প মোটর(২ সেট প্রি ও ২ সেট পোস্ট) রয়েছে। এছাড়া কেমিক্যাল ডোজিং সিস্টেমে ৩ সেট এলাম ডোজিং পাম্প মোটর, ৬ সেট লাইম ডোজিং পাম্প মোটর(৩ সেট প্রি ও ৩ সেট পোস্ট), এলাম ও লাইমের সল্যুশন তৈরির জন্য ৪ টি এলাম ও লাইম ট্যাংক, একচুয়েটর ভাল্ব, ৪ সেট মিক্সার গিয়ার মোটর প্রভৃতি রয়েছে। বর্তমান সরকারের ডিজিটালাইজেশন ঘোষণা মোতাবেক ঢাকা ওয়াসা ডিজিটাল ওয়াসা তৈরিতে কাজ করে যাচ্ছে। সেই আলোকে ফেজ-১ এর ক্লোরিনেশন ও কেমিক্যাল বিল্ডিং এর কেমিক্যাল ডোজিং সিস্টেমের এলাম ও লাইম ডোজিং পাম্প মোটর, মিক্সার গিয়ার মোটর, ক্লোরিনেশন ডোজিং ইউনিট, নিউমেটিক একচুয়েটর, মোটিভ ওয়াটার পাম্প মোটর, বিভিন্ন সাইজের ভাল্ব, ট্যাংকের লেভেল, প্রসেস কেমিক্যালের ফ্লো প্রভৃতি কন্ট্রোল ও মনিটরিং বৃদ্ধির লক্ষ্যে অটোমেশন (SCADA) কাজ করা প্রয়োজন। এছাড়া Grontmij এর মাধ্যমে করা Feasibility study of SWTP phase-1 এর Technical Audit report এ স্ক্যাডা সিস্টেম বাস্তবায়নের সুপারিশ রয়েছে। অটোমেশন (SCADA) চালু হলে পাম্পিং ষ্টেশনের পাম্প মোটর পর্যায়ক্রমে অটোমেটিক রোস্টার অনুযায়ী চালু ও বন্ধ এবং পাম্প মোটরের পাম্প-মোটরের কারেন্ট, ভোল্টেজ, পাওয়ার, রানিং আওয়ার প্রভৃতির রিয়েল টাইমে মনিটরিং ও প্রতি-ঘন্টা, দিন-মাসের সরবরাহ রিপোর্ট তৈরিসহ পর্যবেক্ষণ করা যাবে। এছাড়া প্রসেস লস, অন লাইন এনালাইজারের মাধ্যমে ওয়াটার কোয়ালিটির বিভিন্ন প্যারামিটার এবং পানির গুনগত মান প্রভৃতি পর্যবেক্ষণ ও রিপোটিং করা যাবে। উল্লেখ্য যে, এই অটোমেশন কাজ বাস্তবায়ন করে উক্ত পয়েন্টগুলোর সিগনাল কেন্দ্রীয় স্ক্যাডা সিস্টেমের আওতায় আনা হবে। সেই কারনে ক্লোরিনেশন ও কেমিক্যাল ডোজিং সিস্টেমে অটোমেশন (SCADA) বাস্তবায়নের জন্য সফটওয়্যার ইন্টিগ্রেশন, প্রোগ্রামিং, স্ক্যাডা এক্সেসরিজ ও তৎসংশ্লিষ্ট সেবা ক্রয় প্রাক্কলনে অন্তর্ভূক্ত করা হয়েছে। উল্লেখ্য যে, সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এর অটোমেশনের সামগ্রিক কাজটি ডাইরেক্টর (কারিগরী) মহোদয়ের নির্দেশনা মোতাবেক পর্যায়ক্রমে ৬টি ধাপে সম্পন্ন করা হচ্ছে। ইতোমধ্যে ১ম ও ২য় ধাপের অর্থাৎ 'র' ওয়াটার পাম্পিং ষ্টেশন ও ফিল্ট্রেশন সিস্টেমের অটোমেশন কাজ সম্পন্ন হয়েছে। ৩য় ধাপের অর্থাৎ সাপাশো ফেজ-১ এর সেন্ট্রাল স্ক্যাডার কাজটি বাস্তবায়নাধীন, ৪র্থ ধাপে ট্রিটেড ওয়াটার পাম্পিং ষ্টেশন, জেনারেটর ও বৈদ্যুতিক সাব-ষ্টেশনের অটোমেশন কাজের নথি উপস্থাপন করা হয়েছে, ৫ম ধাপে ক্লোরিনেশন ও কেমিক্যাল ডোজিং সিস্টেম এবং ৬ষ্ঠ ও সর্বশেষ ধাপে ক্লারিফায়ার, স্লাজ লেগুন, স্লাজ ট্যাংক ও ওয়াস ওয়াটার রিকভারী ট্যাংকের অটোমেশন কাজ করা হবে। সেই আলোকে ৫ম ধাপের অটোমেশন কাজের জন্য ০৫ টি ঠিকাদারী প্রতিষ্ঠানের অনুকূলে প্রস্তাবনা চেয়ে চিঠি প্রেরণ করা হয় ও একটিভ ইন্টারন্যাশনাল, ফয়সাল এন্টারপ্রাইজ ও ন্যাসকো পাওয়ার ইঞ্জিনিয়ারিং লিমিটেড হতে প্রস্তাবনা পাওয়া যায়। যারা ঢাকা ওয়াসার বিভিন্ন অটোমেশন কাজের সাথে সংযুক্ত আছে। কাজের প্রাপ্ত কোটেশন, স্পেসিফিকেশন ও দরের তুলনামূলক রিপোর্ট সায়েদাবাদ পানি শোধনাগার এর মালামাল ক্রয় কাজে গঠিত কারিগরী ও আর্থিক(Technical & Financial) প্রস্তাবনা পর্যালোচনা কমিটির সভায় উপস্থাপন করা হয়। সংশ্লিষ্ট কমিটি অর্থাৎ কারিগরী ও আর্থিক(Technical & Financial) প্রস্তাবনা পর্যালোচনা কমিটি কর্তৃক প্রাপ্ত কোটেশন যাচাই বাছাইসহ স্থানীয় ও আন্তর্জাতিক বাজার মূল্য পর্যালোচনা করে সর্বনিম্ন দরদাতার দর থেকে টা:৫,০৬,২৭,৭৪৪.০০(পাঁচ কোটি ছয় লক্ষ সাতাশ হাজার সাতশত চুয়াল্লিশ দশমিক শূণ্য শূণ্য) টাকা নির্ধারন পূর্বক দরপত্র ডকুমেন্ট e-PG3-3A ও e-PG3-3B ফরমেটে সুপারিশ করেন। সেই আলোকে সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এর ক্লোরিনেশন ও কেমিক্যাল ডোজিং সিস্টেম অটোমেশন কাজের লক্ষ্যে সফটওয়্যার ইন্টিগ্রেশন, প্রোগ্রামিং, স্ক্যাডা এক্সেসরিজ ও তৎসংশ্লিষ্ট সেবা ক্রয়ের জন্য সংযুক্ত ক্র: নং-৮ এ একটি প্রাক্কলন প্রস্তুত করা করা হয়েছে। এতে মোট টাকার পরিমান দাঁড়িয়েছে টা:৫,০৬,২৭,৭৪৪.০০(পাঁচ কোটি ছয় লক্ষ সাতাশ হাজার সাতশত চুয়াল্লিশ দশমিক শূণ্য শূণ্য) টাকা মাত্র

যা অনুমোদন দেয়া যেতে পারে। উক্ত ক্রয় কাজের খরচ ঢাকা ওয়াসার অটোমেশন এন্ড ডিজিটালাইজেশন খাত হতে নির্বাহ করা যেতে পারে এবং কাজটি বার্ষিক ক্রয় পরিকল্পনায় অন্তর্ভূক্ত করা হবে।

সংযুক্তি	
১	সাপাশো ফেজ-১ ও ২ এর ক্যাপাবিলিটি এনহান্সমেন্ট শীর্ষক রিপোর্টের meeting minutes
২	Grontmij এর মাধ্যমে করা ফিজিবিলিটি স্ট্যাডি এর টেকনিক্যাল অডিট রিপোর্ট এর কপি।
৩	দরের স্বপক্ষে কোটেশন আহবানের চিঠি।
৪	সাপাশো ফেজ-১ এর অটোমেশন কাজের বর্তমান অবস্থা।
৫	কমিটি কর্তৃক প্রত্যায়িত সাপাশো ফেজ-১ এর অটোমেশন কাজের লে-আউট।
৬	কমিটি কর্তৃক প্রত্যায়িত রিপোর্ট ও টেকনিক্যাল স্পেসিফিকেশন।
৭	ক্লোরিনেশন ও কেমিক্যাল ডোজিং সিস্টেম অটোমেশন কাজে কমিটি কর্তৃক সুপারিশকৃত দরের কপি।
৮	অটোমেশন কাজের প্রাক্কলন।

অনুচ্ছেদ: ১.১

সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এর ক্লোরিনেশন ও কেমিক্যাল ডোজিং সিস্টেম অটোমেশন কাজের মালামালের ব্রান্ড ও স্পেসিফিকেশন আন্তর্জাতিক মানের হওয়ায় এবং কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধির লক্ষ্যে ক্রয় কাজটি পিপিআর ২০০৮ এর ৬৮ক(১) ধারায় One stage Two Envelopes Tendering Method (OSTETM) (ই-জিপি) এ করা যেতে পারে। যার দরপত্র ডকুমেন্ট e-PG3-3A ও e-PG3-3B এ ফরমেটে করা হবে।

অনুচ্ছেদ: ১.২

এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে সাপাশো ফেজ-১ এর ক্লোরিনেশন ও কেমিক্যাল ডোজিং সিস্টেমের পাম্প মোটর, মিক্সার গিয়ার মোটর, ক্লোরিনেশন ডোজিং ইউনিট, নিউমেটিক একচুয়েটর, মোটিভ ওয়াটার পাম্প মোটর, বিভিন্ন সাইজের ভাল্ব, ট্যাংকের লেভেল প্রভৃতি কন্ট্রোল ও মনিটরিং বৃদ্ধির লক্ষ্যে অটোমেশন (SCADA) সিস্টেম বাস্তবায়নের জন্য সফটওয়্যার ইন্টিগ্রেশন, প্রোগ্রামিং, স্ক্যাডা এক্সেসরিজ ও তৎসংশ্লিষ্ট সেবা ক্রয় কাজে উপস্থাপিত সর্বমোট টা:৫,০৬,২৭,৭৪৪.০০(পাঁচ কোটি ছয় লক্ষ সাতাশ হাজার সাতশত চুয়াল্লিশ দশমিক শূণ্য শূণ্য) টাকা মাত্র প্রাক্কলনের আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ পিপিআর ২০০৮ এর ৬৮ক(১) ধারায় One stage Two Envelopes Tendering Method (OSTETM) (ই-জিপি) তে সম্পাদনের অনুমোদন দেয়া যেতে পারে। উল্লেখ্য আলোচ্য প্রাক্কলনের অনুমোদনের ক্ষমতা ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আওতাধীন।

২৬-০৯-২০২১ ১৬:২৬:৪০ সম্রাট মিয়া উপ-সহকারী প্রকৌশলী সায়েদাবাদ পানি শোধনাগার (অপারেশন)	২৬-০৯-২০২১ ১৭:৪৪:১৬ মোঃ ফরহাদ হোসেন সহকারী প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব) সায়েদাবাদ পানি শোধনাগার (অপারেশন)	২৭-০৯-২০২১ ১৪:৬:০১ মোঃ শাহ আলম নির্বাহী প্রকৌশলী সায়েদাবাদ পানি শোধনাগার (অপারেশন)	~~২৯-০৯-২০২১ ৭:২৫:৫৬~~ ~~মোঃ ওয়াহিদুল ইসলাম মুরাদ~~ ~~তত্ত্বাবধায়ক প্রকৌশলী~~ ~~পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল~~

অনুচ্ছেদ: ১.৩

উপরোক্ত বর্ননার আলোকে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নির্দেশনা মোতাবেক সুয়েজ ইন্টান্যাশনালের মতামত নিয়ে পেশ করুন।

২৯-০৯-২০২১ ৭:২৫:৫৬ মোঃ ওয়াহিদুল ইসলাম মুরাদ তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	~~৬-১১-২০২১ ১১:৫৪:৪৬~~ ~~মোহাম্মদ মোবারক হোসেন~~ ~~ম্যানেজার অপারেশন, প্রসেস এন্ড ল্যাবরেটরী~~ ~~পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল~~

অনুচ্ছেদ: ১.৪

অনুচ্ছেদ ১.৩ এর তত্ত্বাবধায়ক প্রকৌশলী স্যারের নির্দেশনায় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নির্দেশনা মোতাবেক সুয়েজ

ঢাকা ওয়াসা

ইন্টান্যাশনালের মতামত এর জন্য ২৬.০৯.২০২১ ইং তারিখে উল্লেখিত কাজের স্পেসিফিকেশন যাচাই এবং টপ সুপারিভিশন এর লক্ষে SUEZ International কে একটি চিঠি প্রেরন করা হয় (সংযুক্ত-৯) ও তদসংলগ্ন সকল টেকনিক্যাল স্পেসিফিকেশন, লে-আউট প্রেরন করা হয়। পরবর্তীতে ২১.১০.২০২১ ইং তারিখে SUEZ International এর SCADA Expert টিম এর সঙ্গে একটি অনলাইন সভা অনুষ্ঠিত হয়, উক্ত সভায় উল্লেখিত কাজের টেকনিক্যাল স্পেসিফিকেশন ও ওয়ার্ক প্ল্যানিং নিয়ে বিষদ আলোচনা করা হয়। তারই পরিপ্রেক্ষিতে SUEZ International ০৩.১১.২০২১ ইং তারিখে উল্লেখিত কাজের Technical Specification verification সম্পর্কিত একটি Technical & Financial Proposal Submit করেন (সংযুক্ত-১০)। উক্ত Technical & Financial Proposal এ Technical Specification verification এর জন্য SUEZ International এর একজন SCADA expert কর্তৃক ১০ (দশ) দিন মেয়াদের site visit প্রস্তাব করা হয় । নথিটি পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরন করা হল।

সংযুক্তি	
১	Letter to SUEZ for SWTP-1 SCADA Technical Spec.
২	AT SCADA DWASA v3

৮-১১-২০২১ ১৯:৩৪:৪৬
মোহাম্মদ মোবারক হোসেন
ম্যানেজার- অপারেশন, প্রসেস এন্ড ল্যাবরেটরী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

~~[illegible]~~
~~মোঃ ওয়াহিদুল ইসলাম মুরাদ~~
~~তত্ত্বাবধায়ক প্রকৌশলী~~
~~পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল~~

অনুচ্ছেদ: ১.৫

সংযুক্ত আর্থিক প্রস্তাবনা ও সুয়েজ ইন্টান্যাশনাল এর চুক্তির কপিসহ বিভাগীয় প্রস্তাবনা দিন।

২০-১১-২০২১ ৯:৩১:২০ মোঃ ওয়াহিদুল ইসলাম মুরাদ তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	২০-১১-২০২১ ১৪:২৭:৫৬ মোহাম্মদ মোবারক হোসেন ম্যানেজার- অপারেশন, প্রসেস এন্ড ল্যাবরেটরী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	~~[illegible]~~ ~~মোঃ তাসিনুর রহমান~~ ~~মেইনটেনেন্স কো- অর্ডিনেটর~~ ~~পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল~~

অনুচ্ছেদ: ১.৬

অনুচ্ছেদ ১.৫, এর আলোকে সুয়েজ ইন্টারন্যাশনাল কর্তৃক SCADA বিশেষজ্ঞ এর Technical Support/Consultant এর আর্থিক ব্যয় ঢাকাওয়াসার সাথে সুয়েজ ইন্টারন্যাশনাল এর TSS Contract অনুমোদনের জন্য আলাদা নথি উপস্থাপন করা হয়েছে । (নথি নং : ৪৬.০৫.০০০০.৪২৯.৯৯.০০৭.২১)

অনুচ্ছেদ: ১.৭

অনুচ্ছেদ ১.৩ এর আলোকে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নির্দেশক্রমে সুয়েজ ইন্টান্যাশনাল এর সাথে TSS Contract আলোকে Automation & SCADA বিশেষজ্ঞ Mr.Yves Briend গত ৮/১২/২০২১ইং হতে ১২/১২/২০২১ইং পর্যন্ত প্ল্যান্টের বিভিন্ন পয়েন্টে সরেজমিনে পরিদর্শন এবং Technical Specification যাচাই বাছাই করেন। চলমান Automation & SCADA System কার্যক্রমের বিষয়ে মতামত প্রদান করেন (সংযুক্ত)। তাহার সার্বিক সুপারিশসমূহ নিম্নে দেয়া হল।

1. The system that is being implemented in the central SCADA is redundant and up-to-date. It will function satisfactorily.
2. The SCADA software, WinCC 7.5, is the latest version from Siemens, it will be easily upgraded when required. It can be used satisfactorily for many years. In addition, enough license keys will be provided.

3. The whole SCADA and automation systems of SWTP-1 have been rightly engineered by the members of the operation division who have benefited from their experience on SWTP-2.
4. The specificity of procurement in Bangladesh has also been considered to provide for systems that are cost effective, reliable, and easy to maintain.
5. It appears that the members of the operation division have produced careful work which should lead to satisfactory automation and SCADA systems.
6. The current work is in line with expectations. The SCADA system of SWTP-1 will be modern, up-to-date, and easy to maintain. It will also be compatible with a future ERP, Enterprise Resource Planning.
7. Therefore, the work may proceed as planned by the operation division.

সংযুক্তি	
১	nothi_2969_2021_12_14_01639486868.pdf

অনুচ্ছেদ: ১.৮

পরবর্তী কার্যক্রমের জন্য নথিখানা সাপাশো পরিচালন বিভাগে প্রেরণ করা যেতে পারে।

৩০-১২-২০২১ ১৬:২১:৪২ মোঃ হাসিনুর রহমান মেইনটেনেন্স কো-অর্ডিনেটর পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	৩০-১২-২০২১ ১৮:১৬:৪১ মোহাম্মদ মোবারক হোসেন ম্যানেজার-অপারেশন, প্রসেস এন্ড ল্যাবরেটরী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	৩১-১২-২০২১ ১১:৩:৫৫ মোঃ ওয়াহিদুল ইসলাম মুরাদ তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	~~২-০১-২০২২ ১২:১৪:০০~~ ~~মোঃ আবিদ হোসেন~~ ~~নির্বাহী প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব)~~ ~~সায়েদাবাদ পানি শোধনাগার (অপারেশন)~~

অনুচ্ছেদ: ১.৯

আলোচনা মোতাবেক প্রাক্কলনটি অনুমোদনের জন্য পুনরায় উপস্থাপন করুন।

২-০১-২০২২ ১২:১৪:০০ মোঃ আবিদ হোসেন নির্বাহী প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব) সায়েদাবাদ পানি শোধনাগার (অপারেশন)	৪-০১-২০২২ ১৫:৪৫:৩২ মেহনাজ মুশফিকা সহকারী প্রকৌশলী সায়েদাবাদ পানি শোধনাগার (অপারেশন)	~~৪-০১-২০২২ ১৮:১৬:৩১~~ ~~মোঃ ফরহাদ হোসেন~~ ~~সহকারী প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব)~~ ~~সায়েদাবাদ পানি শোধনাগার (অপারেশন)~~

অনুচ্ছেদ: ১.১০

অনুচ্ছেদ ১.৩ এর তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নির্দেশনার প্রেক্ষিতে **Supply of Automation spare parts and related services for SCADA & PLC based control system of Chlorination & Chemical Dosing system for SWTP Phase-1.** কাজের আলোকে SUEZ International এর SCADA Expert আলোচ্য কাজের বিষয়ে সরেজমিনে পরিদর্শনপূর্বক স্পেসিফিকেশন যাচাই বাছাই করেন। সুয়েজ ইন্টারন্যাশনাল কর্তৃক SCADA বিশেষজ্ঞ এর Technical Support/Consultant এর আর্থিক ব্যয় ঢাকা ওয়াসার সাথে সুয়েজ ইন্টারন্যাশনাল এর TSS Contract অনুমোদনের জন্য আলাদা নথি (নথি নং : ৪৬.০৫.০০০০.৪২৯.৯৯.০০৭.২১) উপস্থাপন করা হয় যা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে।

অনুচ্ছেদ: ১.১১

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নির্দেশক্রমে সুয়েজ ইন্টান্যাশনাল এর সাথে TSS Contract আলোকে Automation & SCADA বিশেষজ্ঞ Mr. Yves Briend গত ৮/১২/২০২১ইং হতে ১২/১২/২০২১ইং পর্যন্ত প্ল্যান্টের বিভিন্ন পয়েন্টে সরেজমিনে পরিদর্শন এবং Technical Specification যাচাই বাছাই করেন। চলমান Automation & SCADA System কার্যক্রমের বিষয়ে মতামত প্রদান করেন (সংযুক্তি)। পরবর্তীতে তাহার

ঢাকা ওয়াসা

চাহিদার প্রেক্ষিতে BOQ প্রেরণ করা হলে তিনি তাহার সুপারিশ মেইলের মাধ্যমে প্রেরণ করেন যা নিম্নে দেয়া হল।

1. The Three documents form a realistic appraisal of the equipment that is needed to implement the automation of SWTP-1.
2. Based on what I have seen and learnt during my mission in Saidabad, the designations, quantities and Prices that are shown inthe three schedules appear to be correct.
3. The total price: 132719252 taka, equivalent to whole SCADA and automation systems of SWTP-1 have been rightly engineered by the members of the operation division who have benefited from their experience on SWTP-2.
4. The specificity of procurement in Bangladesh has also been considered to provide for systems that are cost effective, reliable, and easy to maintain. 1327193 Euro, is a reasonable cost estimate.
5.Generally, the work the operation division has produced is right. the schedule of equipment includes all the necessary components with a clear overall identification and a fair cost estimate.

সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এর ক্লোরিনেশন ও কেমিক্যাল ডোজিং সিস্টেম অটোমেশন কাজ বাস্তবায়নের জন্য অটোমেশনের স্পেয়ার পার্টস ও তৎসংশ্লিষ্ট সেবা ক্রয় কাজের সংশোধিত প্রাক্কলন পুনরায় উপস্থাপন করা হলো (সংযুক্তি)। এতে সর্বমোট টাকার পরিমান দাঁড়িয়েছে টা:৫,০৬,২৭,৭৪৪.০০(পাঁচ কোটি ছয় লক্ষ সাতাশ হাজার সাতশত চুয়াল্লিশ) টাকা মাত্র। আলোচ্য কাজের স্পেয়ার পার্টসের ব্রান্ড ও স্পেসিফিকেশন আন্তর্জাতিক মানের হওয়ায় এবং কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধির লক্ষ্যে ক্রয় কাজটি পিপিআর ২০০৮ এর ৬৮ক(১) ধারায় One stage Two Envelopes Tendering Method (OSTETM) (ই-জিপি) এ করা যেতে পারে। যার দরপত্র ডকুমেন্ট e-PG3-3A ও e-PG3-3B এ ফরমেটে করা হবে।

সংযুক্তি	
১	মেইল কপি
২	SWTP-1 SCADA REPORT 12 Dec 2021.
৩	সংশোধিত প্রাক্কলন।

অনুচ্ছেদ: ১.১২

এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে সাপাশো ফেজ-১ এর ক্লোরিনেশন ও কেমিক্যাল ডোজিং সিস্টেমের পাম্প মোটর, মিক্সার গিয়ার মোটর, ক্লোরিনেশন ডোজিং ইউনিট, নিউমেটিক একচুয়েটর, মোটিভ ওয়াটার পাম্প মোটর, বিভিন্ন সাইজের ভাল্ব, ট্যাংকের লেভেল প্রভৃতি কন্ট্রোল ও মনিটরিং বৃদ্ধির লক্ষ্যে অটোমেশন (SCADA) সিস্টেম বাস্তবায়নের জন্য সফটওয়্যার ইন্টিগ্রেশন, প্রোগ্রামিং, স্ক্যাডা এক্সেসরিজ ও তৎসংশ্লিষ্ট সেবা ক্রয় কাজে উপস্থাপিত সর্বমোট টা:৫,০৬,২৭,৭৪৪.০০(পাঁচ কোটি ছয় লক্ষ সাতাশ হাজার সাতশত চুয়াল্লিশ) টাকা মাত্র প্রাক্কলনের আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ পিপিআর ২০০৮ এর ৬৮ক(১) ধারায় One stage Two Envelopes Tendering Method (OSTETM) (ই-জিপি) তে সম্পাদনের অনুমোদন দেয়া যেতে পারে। উক্ত ক্রয় কাজের খরচ ঢাকা ওয়াসার স্ক্যাডা স্থাপন খাত হতে নির্বাহ এবং কাজটি বার্ষিক ক্রয় পরিকল্পনায় অনুমোদনের ব্যবস্থা নিয়া হবে। উল্লেখ্য আলোচ্য প্রাক্কলনের অনুমোদন ও বাজেটভুক্তির অনুমোদন ক্ষমতা ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আওতাধীন।

৪-০১-২০২২১৮:১৮:৩১

মোঃ ফরহাদ হোসেন
সহকারী প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব)
সায়েদাবাদ পানি শোধনাগার (অপারেশন)

৪-০১-২০২২ ২২:৩৮:২৪ মোঃ আবিদ হোসেন নির্বাহী প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব) সায়েদাবাদ পানি শোধনাগার (অপারেশন)	~~৪-০১-২০২২ ২২:৫০:৩৪ মোঃ ওয়াহিদুল ইসলাম মুরাদ তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল~~

অনুচ্ছেদ: ১.১৩

উপরোক্ত বর্ননার আলোকে অনুচ্ছেদ ১.১২ এর প্রস্তাব সদয় অনুমোদনের সুপারিশ করা হল।

৪-০১-২০২২ ২২:৫০:৩৪ মোঃ ওয়াহিদুল ইসলাম মুরাদ তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	৬-০১-২০২২ ১৬:১৪:৩৭ মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)	~~৭-০১-২০২২ ১৭:১২:০৫ এ. কে. এম. সহিদ উদ্দিন ডাইরেক্টর (টেকনিক্যাল) ডাইরেক্টর (টেকনিক্যাল) এর দপ্তর~~

অনুচ্ছেদ: ১.১৪

Note 1.11 may be seen and forwarded for the approval of note 1.12 for the automation of SWTP-1.

৭-০১-২০২২ ১৭:১২:০৫ এ. কে. এম. সহিদ উদ্দিন ডাইরেক্টর (টেকনিক্যাল) ডাইরেক্টর (টেকনিক্যাল) এর দপ্তর	~~২২-০১-২০২২ ৭:৬:১০ প্রকৌশলী তাকসিম এ খান ব্যবস্থাপনা পরিচালক ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর~~

অনুচ্ছেদ: ১.১৫

Okay

২২-০১-২০২২ ৭:৬:১০
প্রকৌশলী তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর

২২-০১-২০২২ ১০:৫৬:৩৬
এ. কে. এম. সহিদ উদ্দিন
ডাইরেক্টর (টেকনিক্যাল)
ডাইরেক্টর (টেকনিক্যাল) এর দপ্তর

২২-০১-২০২২ ১০:৫৯:১৬ মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)	~~২২-০১-২০২২ ১৪:১৯:৫৬ মোঃ ওয়াহিদুল ইসলাম মুরাদ তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল~~

অনুচ্ছেদ: ১.১৬

অনুচ্ছেদ ১.১৫ এর অনুমোদনের আলোকে দরপত্র আহ্বানের ব্যবস্থা নিন।

২২-০১-২০২২ ১৪:১৯:৫৬ মোঃ ওয়াহিদুল ইসলাম মুরাদ তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	২২-০১-২০২২ ১৮:৪৯:০৪ মোঃ আবিদ হোসেন নির্বাহী প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব) সায়েদাবাদ পানি শোধনাগার (অপারেশন)	~~৯-০২-২০২২ ১৩:৫৪:৫৬ মেহনাজ মুশফিকা সহকারী প্রকৌশলী সায়েদাবাদ পানি শোধনাগার (অপারেশন)~~

অনুচ্ছেদ: ১.১৭

সাপাশো ফেজ-১ এর ক্লোরিনেশন ও কেমিক্যাল ডোজিং সিস্টেমের পাম্প মোটর, মিক্সার গিয়ার মোটর, ক্লোরিনেশন ডোজিং ইউনিট, নিউমেটিক একচুয়েটর, মোটিভ ওয়াটার পাম্প মোটর, বিভিন্ন সাইজের ভাল্ব, ট্যাংকের লেভেল প্রভৃতি কন্ট্রোল ও মনিটরিং বৃদ্ধির লক্ষ্যে অটোমেশন (SCADA) সিস্টেম বাস্তবায়নের জন্য সফটওয়্যার ইন্টিগ্রেশন, প্রোগ্রামিং, স্ক্যাডা এক্সেসরিজ ও তৎসংশ্লিষ্ট সেবা ক্রয় কাজে উপস্থাপিত সর্বমোট টা:৫,০৬,২৭,৭৪৪.০০(পাঁচ কোটি ছয় লক্ষ সাতাশ হাজার সাতশত চুয়াল্লিশ) টাকা মাত্র প্রাক্কলনের আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ পিপিআর ২০০৮ এর ৬৮ক(১) ধারায় যথাযথ পদ্ধতি অনুসরণ করার শর্তে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক নথিটি অনমোদিত হয়েছে। সেই আলোকে দরপত্র আহবানের ব্যবস্থা গ্রহন করা হয়েছে (সংযুক্ত-১৫)। ২০২১-২০২২ এর বার্ষিক ক্রয় পরিকল্পনায় Annexure (Capital) হিসাবে কাজটির অনুমোদন নেওয়া আছে (সংযুক্ত-১৬)। সেই মোতাবেক ২০২১-২২ অর্থ বছরের সংশোধিত বাজেটে সংযুক্ত করে হিসাব বিভাগে প্রেরণ

ঢাকা ওয়াসা

করা হয়েছে।

সংযুক্তি	
১	Tender Notice
২	APP_Annexture

অনুচ্ছেদ: ১.১৮

সাপাশো ফেজ-১ এর ক্লোরিনেশন ও কেমিক্যাল ডোজিং সিস্টেমের পাম্প মোটর, মিক্সার গিয়ার মোটর, ক্লোরিনেশন ডোজিং ইউনিট, নিউমেটিক একচুয়েটর, মোটিভ ওয়াটার পাম্প মোটর, বিভিন্ন সাইজের ভাল্ব, ট্যাংকের লেভেল প্রভৃতি কন্ট্রোল ও মনিটরিং বৃদ্ধির লক্ষ্যে অটোমেশন (SCADA) সিস্টেম বাস্তবায়নের জন্য সফটওয়্যার ইন্টিগ্রেশন, প্রোগ্রামিং, স্ক্যাডা এক্সেসরিজ ও তৎসংশ্লিষ্ট সেবা ক্রয় কাজে উপস্থাপিত সর্বমোট টা:৫,০৬,২৭,৭৪৪.০০(পাঁচ কোটি ছয় লক্ষ সাতাশ হাজার সাতশত চুয়াল্লিশ) টাকা মাত্র প্রাক্কলনটি বাজেট ভুক্তির জন্য নথিখানা হিসাব বিভাগে প্রেরণ করা যেতে পারে।

৯-০২-২০২২ ১৩:৫৪:৫৬
মেহনাজ মুশফিকা
সহকারী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (অপারেশন)

৯-০২-২০২২ ১৪:২৬:৪৫
মোঃ আবিদ হোসেন
নির্বাহী প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব)
সায়েদাবাদ পানি শোধনাগার (অপারেশন)

১১-০২-২০২২ ৯:২৮:১৪
মোঃ ওয়াহিদুল ইসলাম মুরাদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

১৩-০২-২০২২ ১৯:৩৭:২৬
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)

~~১৩-০২-২০২২ ১৯:৪৯:১৫~~
~~এ. কে. এম. সহিদ উদ্দিন~~
~~ডাইরেক্টর (টেকনিক্যাল)~~
~~ডাইরেক্টর (টেকনিক্যাল) এর দপ্তর~~

অনুচ্ছেদ: ১.১৯

Forwarded for the necessary steps on note 1.18 please.

১৩-০২-২০২২ ১৯:৪৯:১৫
এ. কে. এম. সহিদ উদ্দিন
ডাইরেক্টর (টেকনিক্যাল)
ডাইরেক্টর (টেকনিক্যাল) এর দপ্তর

১৪-০২-২০২২ ১১:৩:৩৮
নিশাত মজুমদার
প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
একাউন্টস ডিপার্টমেন্ট

১৪-০২-২০২২ ১২:৩৪:০৮
মোঃ আনিসুর রহমান পাটোয়ারী
উপ-প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (চলতি দায়িত্ব)
হিসাব বিভাগ-১

২১-০২-২০২২ ৯:৩৩:০৫
মোঃ ইকবাল হোসেন খান
কর্মকর্তা (ফিনান্স ও ভ্যাট-ট্যাক্স)
হিসাব বিভাগ-১

~~২৯-০৩-২০২২ ১৭:২:৪৯~~
~~জহিরুল ইসলাম~~
~~হিসাবরক্ষক~~
~~হিসাব বিভাগ-১~~

অনুচ্ছেদ: ১.২০

অনুঃ ১.১৮ এর আলোকে ২০২১-২২ অর্থ-বছরের সংশোধিত ও ২০২২-২৩ অর্থ-বছরের প্রাক্কলিত বাজেটে Pre-Booking করা হয়েছে। পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণার্থে নথিটি সায়েদাবাদ পানি শোধনাগার (অপারেশন) বিভাগে প্রেরণ করা যেতে পারে।

২৯-০৩-২০২২ ১৭:২:৪৯
জহিরুল ইসলাম
হিসাবরক্ষক
হিসাব বিভাগ-১

১৬-০৪-২০২২ ১১:৩৩:৪০
মোঃ ইকবাল হোসেন খান
কর্মকর্তা (ফিনান্স ও ভ্যাট-ট্যাক্স)
হিসাব বিভাগ-১

১৭-০৪-২০২২ ১৩:৬:২৮
মোঃ আনিসুর রহমান পাটোয়ারী
উপ-প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (চলতি দায়িত্ব)
হিসাব বিভাগ-১

১৮-০৪-২০২২ ৯:৪৬:৫৯
নিশাত মজুমদার
প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
একাউন্টস ডিপার্টমেন্ট

১৮-০৪-২০২২ ১০:৭:৫৬
মোঃ ওয়াহিদুল ইসলাম মুরাদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

১৮-০৪-২০২২ ১৬:১৭:০০
মোঃ আবিদ হোসেন
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
সায়েদাবাদ পানি শোধনাগার (অপারেশন)